

জ্ঞানমূলক:

জ্ঞানমূলক প্রশ্ন নিজেরা তৈরি করবে।

লেখক পরিচিতি থেকে	৫ টি
শব্দার্থ থেকে	৫ টি
সম্পূর্ণ গল্প থেকে	২০ টি
মোট	৩০ টি

অনুধাবনমূলক:

১. সুভার মা সুভার প্রতি বিরক্ত ছিলেন কেন? ব্যাখ্যা কর।
২. সাধারণের দৃষ্টিপথ থেকে সুভা সব সময় নিজেকে গোপন রাখার চেষ্টা করত কেন? বুঝিয়ে বল।
৩. সুভার সাথে সর্বশী ও পাঙ্গুলির হৃদয়তার সম্পর্ক গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর।
৪. প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন? বুঝিয়ে লিখ।
৫. সুভার নাম সুভাষিণী রাখার কারণ দর্শাও।
৬. সুভা মনে মনে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? বুঝিয়ে লেখ।

সৃজনশীল:

১. প্রমিতা ভালো গান করে সকল পর্যায়ে বেশ সুনাম কুড়িয়েছে। তাকে নিয়ে তার পরিবারের অনেক গর্ব। হঠাৎ সড়ক দুর্ঘটনায় বাকশক্তি হারিয়ে ফেলে সে। গান গাওয়া বন্ধ হয়ে যায় প্রমিতার। এক সময় যারা কার বন্ধু ছিল তারা একে একে কেটে পড়ে। আজ তার পাশে কেউ নেই। সেও ধীরে ধীরে নিজেকে গুটিয়ে নেয়। সবার থেকে চোখের আড়াল হয়ে একাকিত্বকে সঙ্গী করে দিন কাটে।

ক) প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন?

খ) সুভাকে সুভার মা বিধাতার অভিশাপ মনে করত কেন? ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের প্রমিতার নিজেকে গুটিয়ে নেয়ার মধ্য দিয়ে সুভার মানসিকতার কোন দিক প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ) প্রমিতা ও সুভার প্রতি পরিজনদের আচরণ কীরূপ হলে তাদের জীবনের পরিণতি ভিন্ন হতে পারত? যৌক্তিক মতামত দাও।